দৈনিক ইনকিলাব 146

তারিখ ... JUN. 7 .. 1999 ...
পৃঃ ৩ কলাম ৮ .....

# দাবী আদায়ে প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের কর্মসূচী

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের সভা জনাব মোঃ সাখাওয়াত হোসেনের সভাপতিত্বে গত শনিবার ঢাকা মহানগরীর জিগাতলা কম্যুনিটি সেন্টারে অনুষ্ঠিত হয়। সভায় ঐক্য পরিষদের আন্দোলনকে স্তিমিত ও বানচাল করার হীন উদ্দেশ্যে ঐক্য পরিষদের সভাপতি মোঃ সাখাওয়াত হোসেন এবং সাধারণ সম্পাদক মোঃ সুলতান মিয়ার বদলির বিষয়টি আলোচিত হয়। এ প্রসঙ্গে বাংলাদেশ সহকারী থানা শিক্ষা অফিসার সমিতি, থানা শিক্ষা অফিসার সমিতি, পিটিআই শিক্ষক সমিতি ও ডিপিইও সমিতি নেতৃবৃন্দের বক্তব্যের প্রেক্ষিতে সর্বসম্মতিক্রমে কর্মসূচী ঘোষণা করা হয়। এর মধ্যে রয়েছে, প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ঐক্য পরিষদের ১২ দফা দাবী আদায় না হওয়া পর্যন্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও উপ-পরিচালকের দপ্তরে কোন প্রকার তথ্য প্রদান করা হবে না এবং তাদের কোন প্রকার চিঠিপত্রের জবাবও দেয়া হবে না। তবে প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ কর্তৃক চাওয়া সকল প্রকার তথ্য ও চিঠিপত্রের আদান-প্রদান হবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও উপ-পরিচালকের দপ্তরে প্রেষণে কর্মরত কলেজ শিক্ষকদের জেলা প্রাথমিক শিক্ষা অফিস, থানা শিক্ষা অফিস ও পিটিআই অফিস পরিদর্শন কাজে অসহযোগিতা অব্যাহত [illegible]।